তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	০২	০২	-	-	০২	০২	২৮.৫৭ % - ১১৬.৬৬%	২	২২.৩৮ % - ৭২.৬৬ %

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ২টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;
(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;
(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;
(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;
(ঙ)প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয় ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;
(চ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্য দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;
(ছ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণ কী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;
(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;
(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;
(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;
(ঙ) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি,টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;
(চ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;
(ছ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

(জ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পের যথেষ্ট সময়ক্ষেপণ হয়;
(ঝ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না।	৩.১অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা প্রয়োজন;
৩.২ ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারা;	৩.২কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন;
৩.৩ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.৩ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন;
৩.৪ কাজের গুণগতমান সংক্রান্ত	৩.৪.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষৎতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.৪.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অবশ্যক।
৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত	৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৬ প্রকল্পের যানবাহন সংক্রান্ত	৩.৬ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আব্যশ্যক।
৩.৭ প্রকল্পের পরিচালক সংক্রান্ত	৩.৭.১ প্রকল্প সুষ্ঠ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে। ৩.৭.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষৎতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোদী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৮ সম্ভাব্যতা সমীক্ষা	৩.৮ যথাযথভাবে মাঠ পর্যায়ে সমীক্ষা না করে অপরিকল্পিতভাবে প্রকল্প গ্রহণের কারণে কখনো প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে। তাই প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দিয়ে বাস্তবসম্মত সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন।
৩.৯ ভূমি অধিগ্রহণে বিলম্ব	৩.৯ প্রকল্প অনুমোদনের শুরু থেকেই ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা বাঞ্চনীয়।
৩.১০ পিসিআর প্রেরণে বিলম্ব	৩.১০ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন(২য় সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০২০)

১. প্রকল্পের নাম : বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন (২য় সংশোধিত) ।

২. প্রকল্পের অবস্থান : চট্টগ্রাম।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ টেলিভিশন ।

৪. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)**
মূল (প্রঃ সাঃ)	**সংশোধিত (প্রঃ সাঃ)**		**মূল**	**সংশোধিত**			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৩৯৯.০০	৩২০৯.৪০	২৯৩৫.৮৬	০১/০৭/২০১৬ হতে ৩০/০৬/২০১৯	০১/০১/২০১৬ হতে ৩০/০৬/২০১৯	০১/০১/২০১৬ হতে ৩০/০৬/২০২০	২২.৩৮%	২৮.৫৭%

৬. **অর্থায়নের উৎস**: জিওবি- ২৯৩৫.৮৬ লক্ষ টাকা।

৭. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:**

প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রঃনং	অংগের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা					মন্তব্য
		একক	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক) রাজস্ব							
১	৩২২১১০৮ ব্যাংক চার্জ	গুচ্ছ	১৮.০০	১০০%	১৭.৫৯	১০০%	
২	৩২৫৫১০৫ অন্যান্য মনিহারি	গুচ্ছ	৮.২৫	১০০%	৮.২১	১০০%	
৩	৩২৪৩১০২ গ্যাস এবং জ্বালানী	গাড়ী	৭.৫০	১০০%	৭.৫০	১০০%	
৪	৩২৫৮১০১ মোটর যান	গাড়ী	২.৫০	১০০%	১.৯৬	১০০%	
৫	৩২২১১১০ কমিশন	গুচ্ছ	৫৫.০০	১০০%	৪০.৫৮	১০০%	
৬	৩১১১৩৩২ সম্মানি	গুচ্ছ	১১.০০	১০০%	১০.০২	১০০%	
৭	৩২২১১০৫ টেস্টিং ফি	গুচ্ছ	১.০০	১০০%	০.০০	১০০%	
৮	৩২২১১০৬ পন্যের ভাড়া ও পরিবহন ব্যয়	গুচ্ছ	২২.০০	১০০%	২১.৮৬	১০০%	
৯	৩২৫৬১০৩ ব্যবহার্য দ্রব্যাদি	গুচ্ছ	৩.৩৪	১০০%	৩.১৭	১০০%	
১০	৩২১১১০৬ আপ্যায়ন খরচ	গুচ্ছ	০.২০	১০০%	০.০৫	১০০%	
১১	৩২৫৭৩০১ অনুষ্ঠান / উৎসবাদি	গুচ্ছ	৩.৫০	১০০%	০.২৫	১০০%	
১২	৩২১১১২৫ প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	গুচ্ছ	৫.৫০	১০০%	৫.০৮	১০০%	
	উপ-মোট (রাজস্ব)		১৩৭.৭৯		১১৬.২৭	৮৪.৩৯%	

(খ) মুলধন							
১৩	৪১১১২০১ অনাবাসিক ভবন সমূহ	ভবন	২৬৫.০০	১০০%	২২০.৯১	১০০%	
		সংখ্যা	৪০০.০০	১০০%	৩৫৩.৯৯	১০০%	
১৪	৪১১১৩১৪ খুঁটি ও এরিয়াল	সংখ্যা	৮২৬.৬৫	১০০%	৮২৬.৬৫	১০০%	
১৫	৪১১২৩০৪ প্রকৌশল যন্ত্রপাতি	গুচ্ছ	৫৮০.০০	১০০%	৫৮০	১০০%	
১৬	৪১১২২০২ কম্পিউটার এবং আনুষাঙ্গিক	সংখ্যা	৪.৯৭	১০০%	৪.৯৭	১০০%	
১৭	৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি	সংখ্যা	১৩.৯৯	১০০%	১৩.৯৫	১০০%	
১৮	৪১১২৩০৩ বৈদ্যুতিক সরঞ্জামাদি	সংখ্যা	২০৬.০০	১০০%	২০৫.৫০	১০০%	
১৯	৩৮২১১০৪ সিডিভ্যাট	গুচ্ছ	৭৭০.০০	১০০%	৬১৩.৬২	১০০%	
উপ-মোট			৩০৬৬.৬১		২৮১৯.৬	৯১.৯৫%	
	(ঘ) প্রাইস কনটিনজেন্সি	গুচ্ছ	৫.০০		০.০০		
	মোট প্রজেক্ট ব্যয়		৩২০৯.৪০		২৯৩৫.৮৬	৯১.৪৮%	

সূত্র:পিসিআর ও প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী

৮. **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রযোজ্য নয়।

৯. **সাধারণ পর্যবেক্ষণ:**

৯.১ **প্রকল্পের পটভূমি:**

বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) একটি পাবলিক সার্ভিস ব্রডকাস্টার (PSB) । বিটিভি আর্থ-সামাজিক উন্নয়ন সাধন, জাতীয় চেতনাকে দৃঢ় করা এবং জনগণের মধ্যে বৈজ্ঞানিক ধারণা বাড়ানোতে অবদান রাখছে। এছাড়া জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ, পরিবেশগত স্থিতিশীলতা ও ভারসাম্য এবং নারী ও শিশু কল্যাণের জন্য জনসচেনতা সৃষ্টির লক্ষ্যে জ্ঞান অর্জন, শিক্ষা ও তথ্য বিতরণে অবদান রাখে। দেশের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিও নিয়মিত ভাবে বিটিভিতে চিত্রিত হচ্ছে। মুক্তিযুদ্ধসহ জাতীয় আন্দোলন বিষয়ক অনুষ্ঠান নির্মিত হচ্ছে যা নিয়মিত বিটিভিতে সম্প্রচারিত হচ্ছে। বিটিভির অনুষ্ঠানের মূল লক্ষ্য হলো জনগণের আশা-আকাঙ্ক্ষা, বেসরকারী ও অনানুষ্ঠানিক খাতের সহিত সরকারের উন্নয়ন প্রচেষ্টার সমন্বয় সাধন করা। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র হতে ০১ ডিসেম্বর ১৯৯৬ সাল থেকে একটি ড্রামা ও ১টি নিউজ ষ্টুডিও এর মাধ্যমে বৃহত্তর চট্টগ্রাম এলাকায় প্রতিদিন ১ঘন্টা ৪০ মিনিট সম্প্রচার কাজ শুরু হয়। বিটিভি চট্টগ্রাম কেন্দ্র শুরু থেকে সংগীত, নৃত্য, নাটক, সংবাদ পরিবেশনা, প্রামাণ্যচিত্র, আলোচনা অনুষ্ঠান, আবহাওয়া বুলেটিন ও টিভি ফিচার নির্মাণ এবং সম্প্রচারের মাধ্যমে বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলে দেশের সামগ্রীক উন্নয়নের সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয়ে তথ্য প্রদান এবং সচেতনতা বৃদ্ধি কার্যক্রমের মাধ্যমে SDG অর্জনে ভূমিকা রাখছে।

পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান ১ ঘন্টা ৪০ মিনিট থেকে ৬ ঘন্টা উন্নীত করার জন্য ২০১৩সালে''বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন'' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। ২০১৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান সম্প্রচার ১ ঘন্টা ৪০ মিনিট হতে ৬ ঘন্টা সম্প্রচারের শুভ উদ্বোধন ঘোষণা করেন। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের স্টুডিও পাহাড়তলীতে এবং ট্রান্সমিটারসহ আনুষাঙ্গিক ট্রান্সমিশন যন্ত্রপাতি নন্দনকাননস্থ বিটিসিএল এর পুরাতন জরাজীর্ণ ভবনে অবস্থিত। পাহাড়তলী এবং নন্দনকাননের দুরত্ব প্রায় ১০ কিলোমিটার। নন্দনকাননে বিটিভির নিজস্ব কোনো টাওয়ার এবং ভবন নেই। বিটিভির প্রোগ্রাম প্রোডাকশন থেকে শুরু করে প্রশাসনিক যাবতীয় কাজ পাহাড়তলীতে অবস্থিত বিটিভির চট্টগ্রাম কেন্দ্রে সম্পাদিত হয়। কিন্তু প্রোগ্রাম ট্রান্সমিট করা হয় নন্দনকাননস্থ বিটিসিএল এর ট্রান্সমিশন টাওয়ারে স্থাপিত বিটিভির নিজস্ব এন্টিনা দ্বারা । প্রায় ১০ কিলোমিটার দুরে ট্রান্সমিটার টাওয়ার হওয়ায় মনিটরিং ও কন্ট্রোলিং খুবই কষ্টসাধ্য হয় এবং অতিরিক্ত জনবলের প্রয়োজন হয়। চট্টগ্রাম কেন্দ্রের আধুনিকায়নের জন্য চলমান প্রকল্প বাস্তবায়নের পর পূর্ণাঙ্গ কেন্দ্র চালু হলে সমস্যা আরো প্রকট হবে। এজন্য নিজস্ব টাওয়ার নির্মাণ করা অপরিহার্য। আলোচ্য প্রকল্পের অধীনে ০১টি ১৩৩.৫ মিটার উচ্চতা বিশিষ্ট সেলফ সাপোর্টিং টাওয়ার নির্মাণ এবং ০১টি ০৩ তলা বিশিষ্ট ট্রান্সমিটিং ভবন নির্মাণের প্রস্তাব করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রী গত ২০১৮ সালের ১৫ ডিসেম্বর ০৯ ঘন্টা সম্প্রচারের শুভ উদ্বোধন ঘোষণা করেন, খুব শীঘ্রই ১২ ঘন্টা সম্প্রচার শুরু হবে। ইতোমধ্যেই বিটিভি চট্টগ্রাম কেন্দ্র হতে ২৪/৭ ঘন্টা সম্প্রচার করার জন্য ''বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রকে পূর্ণাঙ্গ টিভি কেন্দ্রে রূপান্তর '' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য :**

- বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি সেলফ সাপোর্টিং ট্রান্সমিটিং টাওয়ার, ট্রান্সমিটিংভবন ও সম্প্রচার সরঞ্জাম সংস্থাপন করার মাধ্যমে জাতীয় সম্প্রচার কার্যক্রমকে নিরবচ্ছিন, সুষ্ঠ, ব্যয় ও সময় সাশ্রয়ী করা;
- সুষ্ঠু করে একটি পূর্ণাঙ্গ আধুনিক ডিজিটাল টিভি স্টেশন হিসাবে রূপান্তর করা; এবং
- শিক্ষা, স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ, কৃষি, শিল্প, নারী ও শিশু উন্নয়ন ও সাংস্কৃতিক কর্মকান্ডে সরকারের উন্নয়ন উদ্যোগ জনগনের দোর গোড়ায় পৌছানো।

৯.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম**: বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি সেলফ সাপোর্টিং ট্রান্সমিটিং টাওয়ার, ট্রান্সমিটিংভবন ও সম্প্রচার সরঞ্জাম সংস্থাপন।

৯.৪ **প্রকল্পের অনুমোদন অবস্থা:**

বিবরণ	অনুমোদনের তারিখ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
মূল	১০/০৪/২০১৬	মাননীয় পরিকল্পনা মন্ত্রী
১ম সংশোধন	১৮/০৬/২০১৯	মাননীয় পরিকল্পনা মন্ত্রী
২য় সংশোধন	১০/০৬/২০২০	মাননীয় পরিকল্পনা মন্ত্রী

৯.৫ **(ক) প্রকল্প ১ম সংশোধনের কারণ ও যৌক্তিকতা** :

প্রকল্পটির মেয়াদ ০১/০১/২০১৬ হতে ৩০/০৬/২০১৯ (৩ বছর ৬ মাস) নির্ধারিত ছিল। কিন্তু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পের মেয়াদ শুরুর ৪ মাস পর ১০/০৪/২০১৬ খ্রি. অনুমোদিত হয় । এছাড়া প্রকল্পের মেয়াদ শুরুর ৭ মাস পর প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয় । প্রকৃতপক্ষে প্রকল্পের মেয়াদের ১ম বছর প্রকল্পের কোন কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

(খ) প্রকল্প ২য় সংশোধনের কারণ ও যৌক্তিকতাঃ

প্রকল্পের টাওয়ার,ট্রান্সমিটার, এ্যান্টেনা, ফিডারক্যাবল ও ইউপিএস মালামাল সমূহের জন্য সিডি ভ্যাট খাতে ৪,৫০,০০,০০০/- (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ছিল। প্রকল্পের টাওয়ারের জন্য ৪,৪৬,০৩,৯৭৬.৩০/-(চার কোটি ছেচল্লিশ লক্ষ তিন হাজার নয়শত ছিয়াত্তর দশমিক তিন শুন্য) টাকা সিডি ভ্যাট বাবদ ব্যয় হয়েছে এবং যা ডেফার্ড Payment এর ভিত্তিতে পরিশোধ করা হয়েছিল এবং মালামাল ছাড় করানো হয়েছিল । DPP অনুযায়ী বৈদেশিক মুদ্রা ব্যয়ে প্রকল্পের ট্রান্সমিটার, এ্যান্টেনা, ফিডার ক্যাবল ও ইউপিএস মালামাল সমূহ আমদানীর জন্য সিডি ভ্যাট বাবদ আরো ৩,২০,০০,০০০/- (তিন কোটি বিশ লক্ষ) টাকা প্রয়োজন হওয়ায় প্রকল্প সংশোধন করা হয়।

৯.৬ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য**:

ক্রঃ নং	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
১.	এবিএসএম মাইন উদ্দিন	হ্যা	--	না	১৭/০৭/২০১৬	০৭/০২/২০১৮ (অবসর জনিত)
২.	মোঃ মান্নাফ হোসেন	হ্যা	--	না	০৮/০২/২০১৮	২৪/০৪/২০১৮
৩.	সায়েম ইবনে আকবর	হ্যা		না	২৫/০৪/২০১৮	অদ্যাবধি দায়িত্ব পালন

প্রকল্প পরিচালক এবিএসএম মাইন উদ্দিন এর আবসর জনিত কারণে মোঃ মান্নাফ হোসেন অতিরিক্ত দায়িত্ব পালন করেন। পরবর্তীতে সায়েম ইবনে আকবর প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগ প্রাপ্ত হন।

৯.৭ **বছরভিত্তিক বরাদ্দ ও ব্যয়::**

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি	সংশোধিত ডিপিপি	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
২০১৫-২০১৬	১৮.৫০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
২০১৬-২০১৭	১৩৯৭	৬৫.৫৬	৬৫.৫৬	৬৫.৫৬	৬৫.৫৬	০.০০
২০১৭-২০১৮	৮৪৯.০০	৯১৮.৭৫	৯১৮.৭৫	৯১৮.৭৫	৯১৮.৭৫	০.০০
২০১৮-২০১৯	১৩৪.৫	১০৭৫.০০	১০৭৫.০০	১০৭৫.০০	১০৭৫.০০	০.০০
২০১৯-২০২০	০.০০	১১৫০.০৯	১১৫০.০৯	৮৭৬.৫৫	৮৭৬.৫৫	০.০০
মোট	২৩৯৯.০০	৩২০৯.৪০	৩২০৯.৪০	২৯৩৫.৮৬	২৯৩৫.৮৬	০.০০

৯.৮ **প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন:** মোট প্যাকেজ সংখ্যা ১০টি তন্মধ্যে পণ্য প্যাকেজ ০৬টি । কার্যের প্যাকেজ ০২টি ও সেবা প্যাকেজ ২টি। কার্যের প্যাকেজ ০২টি গনপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন ব্রডকাস্টিং, ইকুইপমেন্ট, অফিস যন্ত্রপাতি, বৈদ্যুতিক সাব-স্টেশন ও অন্যান্য যন্ত্রপাতির তালিকা পরিশিষ্ট 'ক' তে দেওয়া হলো ।

১০. **অডিট সংক্রান্ত তথ্য:** অডিট আপত্তি ও নিস্পত্তি সংক্রান্ত তথ্য নিম্নোক্ত ছকে উল্লেখ করা হল:

অডিট আপত্তির সন	অনুচ্ছেদ নম্বর ও আপত্তির ধরণ	উত্থাপিত আপত্তির বিবরণ	দপ্তর/অধিদপ্তর/সংস্থার জবাব	সর্বশেষ অবস্থা
২০১৭– ২০১৮	৪.১	**শিরোনাম:** জিসিসির শর্তাবলী উপেক্ষা করে নির্মাণ কাজের চুক্তিমূলের বীমা প্রিমিয়াম না করায় এবং প্রিমিয়ামের উপর ভ্যাট কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ২,৪৭,৯৯৫/-(দুই লক্ষ সাতচল্লিশ হাজার নয়শত পঁচানব্বই) টাকা।	বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন (২য় সংশোধনী) শীর্ষক প্রকল্পের টাওয়ারের উপর আনুমানিক বীমা প্রিমিয়াম হিসাব করা হয়। পরবর্তীতে প্রকল্পের টাওয়ারের চুক্তি সম্পাদন করার পর বীমা প্রিমিয়াম করা হয়েছে এবং বীমা প্রিমিয়ারের উপর ভ্যাট প্রদান করা হয়েছে।	নিস্পত্তি হয়েছে।
২০১৭– ২০১৮	৫.১	**শিরোনাম:** অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে তামাদি এড়ানোর লক্ষ্যে বছরের শেষ দিকে হস্তরশিদের মাধ্যমে ২৪,২৫,৯৯৭/-(চব্বিশ লক্ষ পঁচিশ হাজার নয়শত সাতানব্বই) টাকা অনিয়মিত পরিশোধ।	বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার,ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন (২য় সংশোধনী) শীর্ষক প্রকল্পের ২০১৭-১৮ অর্থ বছরের টাওয়ার ভবন নির্মাণ কাজটি গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে করা হয়েছে এবং দরপত্রটি e-GP এর মাধ্যমে করা হয়েছে বিধায় হস্ত রশিদের মাধ্যমে বিল পরিশোধ করা সম্ভব নয়।	নিস্পত্তি হয়েছে।
২০১৭– ২০১৮	৬.১	**শিরোনাম:** অর্থ বছর শেষ হলেও হিসাবের সঙ্গতি সাধন করা হয়নি। জড়িত ৮,১৬,২০,৩০৯/-(আট কোটি ষোল লক্ষ বিশ হাজার তিনশত নয়) টাকা।	বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার,ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন (২য় সংশোধনী) শীর্ষক প্রকল্পের ২০১৭-১৮ অর্থ বছরের ব্যয় বিবরনী সিএও , তথ্য মন্ত্রণালয় হতে রিকনসাইল করানো হয়েছে ।	নিস্পত্তি হয়েছে।

অডিট আপত্তির সন	অনুচ্ছেদ নম্বর ও আপত্তির ধরণ	উত্থাপিত আপত্তির বিবরণ	দপ্তর/অধিদপ্তর/সংস্থার জবাব	সর্বশেষ অবস্থা
২০১৮ – ২০২০	৩৬ (সাধারণ)	**শিরোনাম:** পিপিআর এর নির্দেশনা উপেক্ষা করে সন্মানী বাবদ ২,৭৯,৮০০/- টাকা অতিরিক্ত পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	আপত্তির প্রেক্ষিতে অবহিত করা যাচ্ছে যে, প্রকল্পের ডিপিপি'র পরিশিষ্ট-২ এর ১১(ক) এর ৩নং প্যারাতে উল্লেখিত বিভিন্ন কমিটির সন্মানী ও সন্মানী প্রদানের হার নির্ধারণ করা আছে। উক্ত হার প্রতিপালন পূর্বক বিভিন্ন কমিটির সন্মানী প্রদান করা হয়েছে । ডিপিপি অনুসরণে সন্মানী পরিশোধিত হওয়ায় আপত্তিটি নিস্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।	প্রক্রিয়াধীন।
২০১৮ – ২০২০ ”	৩৭ (সাধারণ)	**শিরোনামঃ** প্রকল্প সমাপ্ত হওয়া সত্ত্বেও প্রকল্প কাজে ব্যবহৃত গাড়ি সরকারি নির্দেশনা মোতাবেক সরকারি যানবাহন অধিদপ্তরের কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান করা হয়নি।	বাংলাদেশ টেলিভিশন চট্রগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে মহাপরিচালক মহোয়ের নির্দেশক্রমে নিউজ , প্রোগ্রাম ও অন্যান্য দাপ্তরিক কাজে গাড়ি দুটি ব্যবহৃত হচ্ছে। গাড়ী দুটি যথাযথ নিয়মে টিওএন্ডই ভুক্ত করণের প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে বিধায় নিস্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।	প্রক্রিয়াধীন।

১১. **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

<u>পরিকল্পিত</u>	**<u>উদ্দেশ্য অর্জন</u>**
১। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি ১৩৩.৫ মিটার সেলফ সাপোর্টিং ট্রান্সমিটিং টাওয়ার স্থাপন।	১। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি ১৩৩.৫ মিটার সেলফ সাপোর্টিং ট্রান্সমিটিং টাওয়ার স্থাপন করার মাধ্যমে নন্দনকানন এর পরিবর্তে (যা ১০ কিলোমিটার দুরে অবস্থিত) পাহাড়তলী থেকে ট্রান্সমিশন করা হচ্ছে।
২। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি ট্রান্সমিটিং ভবন নির্মাণ।	২। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি ট্রান্সমিটিং ভবন নির্মাণ করার মাধ্যমে নন্দনকানন এর পরিবর্তে (যা ১০ কিলোমিটার দুরে অবস্থিত) পাহাড়তলী থেকে সম্প্রচার করা হচ্ছে। এতে জনবল ও সময় সাশ্রয়ী হচ্ছে।
৩। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের সম্প্রচার সরঞ্জাম সংস্থাপন করার মাধ্যমে জাতীয় সম্প্রচার কার্যক্রমকে নিরবচ্ছিন, সুষ্ঠ, ব্যয় ও সময় সাশ্রয়ী সুষ্ঠু করে একটি পূর্ণাঙ্গ আধুনিক ডিজিটাল টিভি স্টেশন হিসাবে রূপান্তর করা।	৩। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের সম্প্রচার সরঞ্জাম সংস্থাপন করার মাধ্যমে জাতীয় সম্প্রচার কার্যক্রমকে নিরবচ্ছিন, সুষ্ঠ, ব্যয় ও সময় সাশ্রয়ী সুষ্ঠু করে একটি পূর্ণাঙ্গ আধুনিক ডিজিটাল টিভি স্টেশন হিসাবে রূপান্তর করা হয়েছে। বর্তমানে উপরোক্ত যন্ত্রপাতির মাধ্যমে ১৮ ঘন্টা টেরিষ্ট্রিয়াল সম্প্রচার এবং ২৪ ঘন্টা স্যাটেলাইট সম্প্রচার করা হচ্ছে।
৪। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি বিদ্যমান বৈদ্যুতিক সাব-স্টেশনকে আধুনিক মানের বৈদ্যুতিক সাব-স্টেশন এ রূপান্তর।	৪। বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি বিদ্যমান বৈদ্যুতিক সাব-স্টেশনকে আধুনিক মানের বৈদ্যুতিক সাব-স্টেশন এ রূপান্তর করা হয়েছে।
৫। শিক্ষা, স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ, কৃষি, শিল্প, নারী ও শিশু উন্নয়ন ও সাংস্কৃতিক কর্মকান্ডে সরকারের উন্নয়ন উদ্যোগ জনগনের দোর গোড়ায় পৌছানো।	৫। শিক্ষা, স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ, কৃষি, শিল্প, নারী ও শিশু উন্নয়ন ও সাংস্কৃতিক কর্মকান্ডে সরকারের উন্নয়ন উদ্যোগ জনগনের দোর গোড়ায় পৌছানো হচ্ছে।

১২. **সার্বিক পর্যবেক্ষণ:**

বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের উদ্দেশ্য মূলতঃ বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি সেলফ সার্পোটিং ট্রান্সমিটিং টাওয়ার, ট্রান্সমিটিং ভবন ও সম্প্রচার সরঞ্জাম সংস্থাপন করার মাধ্যমে জাতীয় সম্প্রচার কার্যক্রমকে নিরবচ্ছিন্ন, সুষ্ঠু, সময় ও ব্যয় সাশ্রয়ী করে একটি পূর্ণাঙ্গ আধুনিক ডিজিটাল টিভি স্টেশন হিসাবে রূপান্তর করা। আলোচ্য প্রকল্পের অধীনে ০১টি ০৬(ছয়) তলা ভিতের উপর ০৩ তলা বিশিষ্ট ট্রান্সমিটিং ভবন নির্মাণ, ০১টি ১৩৩.৫ মিটার উচ্চতা বিশিষ্ট সেলফ সাপোর্টিং টাওয়ার নির্মাণ ও সম্প্রচার সরঞ্জাম তথা দুটি ট্রান্সমিটার সংস্থাপন নির্মাণ করা হয়েছে।

০১টি ০৬(ছয়) তলা ভিতের উপর ০৩ তলা বিশিষ্ট ট্রান্সমিটিং ভবন:

সরেজমিন পরিদর্শণে দেখা যায় যে, ভবনের নিচ তলায় একটি Transmitter Cooling System কক্ষ, একটি power Sub-station কক্ষ এবং একটি টয়লেট রয়েছে। প্রথম তলায় একটি Transmitter Control Room এবং একটি টয়লেট রয়েছে। দ্বিতীয় তলায় একটি Engineer Maintenance Room, Maintenace Engineering –দের জন্য দুটি বিশ্রাম কক্ষ ও একটি টয়লেট রয়েছে। পরিদর্শনে তিন তলা বিশিষ্ট ট্রান্সমিটিং ভবনের প্রতিটি তলা মূল নকশা অনুযায়ী নির্মিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। কাজের মান সন্তোষজনক।

০১টি ১৩৩.৫ মিটার উচ্চতা বিশিষ্ট সেলফ সাপোর্টিং টাওয়ার :

পরিদর্শণে দেখা যায় যে, প্রকল্প এলাকায় মূল নকশা অনুযায়ী ০১টি ১৩৩.৫ মিটার উচ্চতা বিশিষ্ট সেলফ সাপোর্টিং টাওয়ার স্থাপন করা হয়েছে। উক্ত টাওয়ারের উপরের ২০ মিটার অংশে (১০ মিটার – VHF, ১০ মিটার –UHF) এন্টিনা সংস্থাপনের ব্যবস্থা রয়েছে। বর্তমানে VHF এন্টিনার মাধ্যমে ৬০ কি.মি পর্যন্ত টেরিষ্ট্রিয়াল সম্প্রচার কার্যক্রম করা হচ্ছে। সেলফ সাপোর্টিং টাওয়ারটি মূলতঃ OTM (ICT) পদ্ধতিতে Turn Key Basis এর মাধ্যমে Shandong Zhaowei Steel Tower Co. Ltd, China কর্তৃক নির্মিত হয়েছে। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ২৭/০৬/২০১৮ খ্রিঃ তারিখে ৮২৬.৬৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ৩০/০৩/ ২০২০ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ৩০/০৫/২০২০ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে টাওয়ার নির্মাণ কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে টাওয়ারের ভিত্তি পরিমাপে মূল নকশার সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে। কাজের মান সন্তোষজনক।

ট্রান্সমিটার ,এন্টেনা,ফিডার ক্যাবল ও ইউপিএস :

পরিদর্শণে দেখা যায় যে, OTM (ICT) পদ্ধতিতে ৫৪০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে Turn- Key basis এ Broadcast Technology Ltd. Hong Kong এর মাধ্যমে আধুনিক মানের ০২ টি NEC, Japan ব্যান্ডের ডিজিটাল ট্রান্সমিটার, ফিডার ক্যাবল এন্টেনা সিস্টেম ও ইউপিএস জার্মানী হতে সংগ্রহ করা হয়েছে। ০১ টি ১০ কি.ওয়াট ট্রান্সমিটারের মাধ্যমে বিটিভি টেরিষ্ট্রিরিয়াল সম্প্রচার করা হচ্ছে। অপর ০১ টি ৩.৫ কি.ওয়াট ট্রান্সমিটারের মাধ্যমে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, সংসদ ও চট্টগ্রাম টেলিভিশন টেরিষ্ট্রিরিয়াল সম্প্রচার করা হচ্ছে। ট্রান্সমিটারের মাধ্যমে সিগন্যালকে বিবর্ধিত করে টাওয়ারের সংস্থাপিত এন্টেনার মাধ্যমে ৬০ কি.মি পর্যন্ত সিগন্যাল পাঠানো যাচ্ছে। ফলে চট্টগ্রাম , খাগড়াছড়ি ও রাঙ্গামাটির বিভিন্ন পাহাড়ে অবস্থানকারী জনগন সিগন্যাল রিসিভ করে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, সংসদ ও চট্টগ্রাম টেলিভিশন এর টেরিষ্ট্রিরিয়াল সম্প্রচার দেখতে পাচ্ছেন। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ২০/০৫/২০১৯ খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ৩০/০৬/২০২০ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ৩০/০৬/২০২০ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে ডিজিটাল ট্রান্সমিটার, ফিডার ক্যাবল এন্টেনা সিস্টেম ও ইউপিএস স্থাপন কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে এ সকল সরঞ্জামাদি ডিপিপিতে উল্লিখিত Specification অনুযায়ী ক্রয় করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। কাজের মান সন্তোষজনক।

বৈদ্যুতিক সাব-স্টেশন আধুনিকায়ন:

উল্লিখিত প্রকল্পের মাধ্যমে ১৯৯৬ সালে সংস্থাপিত জরাজীর্ণ বৈদ্যুতিক সাব-স্টেশনটি আধুনিকায়ন করে আধুনিকমানের বৈদ্যুতিক সাব-স্টেশনে রুপান্তর করা হয়েছে। এর মাধ্যমে ০১টি এইচটি সুইচ গিয়ার- ২ ইনপুট ১ আউটপুট, ০১ টি ৫০০ কি.ওয়াট এর ট্রান্সফরমার, ০২ টি পি এফ আই প্যান্ট, ০৩ টি এলটি প্যানেল , ০১ টি জেনারেটর সংস্থাপন করা হয়েছে। বর্তমানে উক্ত সাব স্টেশনের মাধ্যমে চট্টগ্রাম কেন্দ্রের বৈদ্যুতিক ব্যবস্থা স্বাভাবিক রয়েছে এবং ভবিষ্যতের চাহিদা উক্ত বৈদ্যুতিক সাব-স্টেশনটির মাধ্যমে পুরণ করা সম্ভব হবে মর্মে প্রকল্প পরিচালক জানান। নথি পর্যালোচনায় দেখা যায় যে, OTM (NCT) পদ্ধতিতে ২০৫.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বৈদ্যুতিক সাব-স্টেশন আধুনিকায়ন প্যাকেজটি বাস্তবায়নের নিমিত্ত মজুমদার ট্রেডিং করপোরেশন, শ্যামলী, ঢাকা এর সাথে ২২/০৬/২০১৯ খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ৩০/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ৩০/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে।

এক্ষেত্রে বৈদ্যুতিক সাব-স্টেশনটি আধুনিকায়নের কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে সাব-স্টেশন সংশ্লিষ্ট সরঞ্জামাদি ডিপিপিতে উল্লিখিত Specification অনুযায়ী ক্রয় করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। কাজের মান সন্তোষজনক।

১৩. সুপারিশ/মতামত:

১৩.১ ''বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের উদ্দেশ্য মূলতঃ বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের পাহাড়তলীতে একটি সেলফ সার্পোটিং ট্রান্সমিটিং টাওয়ার, ট্রান্সমিটিং ভবন ও সম্প্রচার সরঞ্জাম সংস্থাপন করার মাধ্যমে জাতীয় সম্প্রচার কার্যক্রমকে নিরবচ্ছিন্ন, সুষ্ঠু, সময় ও ব্যয় সাশ্রয়ী করে একটি পূর্ণাঙ্গ আধুনিক ডিজিটাল টিভি স্টেশন হিসাবে রূপান্তর করা। সরেজমিন পরিদর্শণে প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

১৩.২ প্রকল্পের আওতায় সংগৃহীত সরঞ্জামাদির তালিকা করে বিধি মোতাবেক রক্ষণাবেক্ষণ/শিল্প মন্ত্রণালয়ের টিওএন্ডইভুক্ত করা যেতে পারে;

১৩.৩ প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র ও নির্মিত তিন তলা ভবনের রক্ষণাবেক্ষণ/যথাযথ ব্যবহার নিশ্চিতপূর্বক আইএমই বিভাগকে আগামী ১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে;

১৩.৪ প্রকল্পের আওতায় স্থাপিত টাওয়ার এবং অন্যান্য প্রকৌশল যন্ত্রপাতি পরিচালনার জন্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরির কর্ম পরিকল্পনা আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে;

১৩.৫ উত্থাপিত অডিট আপত্তিসমূহ নিস্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। অডিট নিস্পত্তি সংক্রান্ত তথ্য আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং

১৪. বর্ণিত সুপারিশ ও পর্যবেক্ষণের আলোকে গৃহীত ব্যবস্থা আইএমই বিভাগ-কে ১ (এক) মাসের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১৫. **পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র:**

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>চিত্রঃ ‘‘বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন(২য় সংশোধিত)’’</td><td>চিত্রঃ ‘‘বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন(২য় সংশোধিত)’’</td></tr>
<tr><td>
</td><td></td></tr>
<tr><td>চিত্রঃ ‘‘বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন(২য় সংশোধিত)’’</td><td>চিত্রঃ ‘‘বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন(২য় সংশোধিত)’’</td></tr>
</table>

৯.৮। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

ক) পণ্য প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	ক্রয় বিবরণী		একক/ সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
				দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
								চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২		০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
জিডি-০১	ফটোকপিয়ার এবং অফিস আসবাবপত্র		সংখ্যা - ২	RFQ ১০ এপ্রিল ২০১৭	৫.০০ লক্ষ ও এপ্রিল ২০১৭	RFQ ১০ এপ্রিল ২০১৭	২০ এপ্রিল ২০১৭ ও ৪.৯৭৫ লক্ষ	২৭ এপ্রিল ২০১৭	২৭ এপ্রিল ২০১৭
	কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি		সংখ্যা - ৪	RFQ ১০ এপ্রিল ২০১৭	৫.০০ লক্ষ ও এপ্রিল ২০১৭	RFQ ১০ এপ্রিল ২০১৭	২০ এপ্রিল ২০১৭ ও ৪.৯৮৫ লক্ষ	২৭ এপ্রিল ২০১৭	২৭ এপ্রিল ২০১৭
জিডি-০২	সেলফ সোপোর্টিং টাওয়ার স্থাপন		সংখ্যা -১	OTM (ICT) ০২ এপ্রিল ২০১৮	৯০০.০০ লক্ষ ও জুন ২০১৮	OTM (ICT) ০২ এপ্রিল ২০১৮	২৭ জুন ২০১৮ ও ৮২৬.৬৫ লক্ষ	৩০ মার্চ ২০২০	৩০ মার্চ ২০২০
জিডি-০৩	লট-০১	ট্রান্সমিটার , এন্ট্রিনা ও ফিডার ক্যাবল	গুচ্ছ-১	OTM (ICT) নভেম্বর ২০১৮	৬৫০.০০ লক্ষ ও মে ২০১৯	OTM (ICT) ২৫ নভেম্বর ২০১৮	২০ মে ২০১৯ ও ৫৭০.০০ লক্ষ	৩০ জুন ২০২০	৩০ জুন ২০২০
	লট-০২	৮০ কেভিএ অন লাইন ইউপিএস	সেট-১	OTM (ICT) নভেম্বর ২০১৮		OTM (ICT) ২৫ নভেম্বর ২০১৮	২০ মে ২০১৯ ও ৫৫.০০ লক্ষ	৩০ জুন ২০২০	৩০ জুন ২০২০
জিডি-০৪	চট্টগ্রাম কেন্দ্রের বৈদ্যুতিক সাব-স্টেশন আধুনিকায়ন		সংখ্যা -১	OTM (e-GP) ডিসেম্বর ২০১৮	২০৬.০০ লক্ষ ও জুলাই ২০১৯	OTM (e-GP) ০৬ ডিসেম্বর ২০১৮	২২ জুলাই ২০১৯ ও ২০৫.৪০ লক্ষ	৩০ ডিসেম্বর ২০১৯	৩০ ডিসেম্বর ২০১৯
জিডি-০৫	টিভি ট্রান্সমিটিং ভবনের আসবাবপত্র		গুচ্ছ-১	RFQ সেপ্টেম্বর ২০১৯	৫.০০ লক্ষ ও সেপ্টেম্বর ২০১৯	RFQ ০৩ সেপ্টেম্বর ২০১৯	১২ সেপ্টেম্বর ২০১৯ ও ৪.৯৯ লক্ষ	২০ সেপ্টেম্বর ২০১৯	২০ সেপ্টেম্বর ২০১৯
জিডি-০৬	টিভি ট্রান্সমিটিং ভবনের আসবাবপত্র		গুচ্ছ-১	RFQ সেপ্টেম্বর ২০১৯	৩.০০ লক্ষ ও সেপ্টেম্বর ২০১৯	RFQ ১২ সেপ্টেম্বর ২০১৯	২৩ সেপ্টেম্বর ২০১৯ ও ২.৯৯ লক্ষ	৩০ সেপ্টেম্বর ২০১৯	৩০ সেপ্টেম্বর ২০১৯

খ) কাজের প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি:

প্যাকেজ নং	ক্রয় বিবরণী	একক/ সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
			দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
WD-১	তিন তলা বিশিষ্ট ট্রান্সমিশন ভবন	সংখ্যা ০১	OTM (e-GP) ২১ মার্চ ২০১৭	১৯০.০০ লক্ষ ও ০১ মে ২০১৭	OTM (e-GP) ও ২১ মার্চ ২০১৭	২৮ মে ২০১৭ ও ১৮৬.০০ লক্ষ	৩১ ডিসেম্ব ২০২০	৩০ মে ২০২০
WD-২	সেলফ সাপোর্টিং টাওয়ার ফাউন্ডেশন	সংখ্যা ০১	OTM (e-GP) ও ০১ মার্চ ২০১৯	৪০০.০০ লক্ষ ও ১০ মে ২০১৯	OTM (e-GP) ও ১১ এপ্রিল ২০১৯	১০ জুন ২০১৯ ও ৩৬৬.৮৬ লক্ষ	৩১ ডিসেম্বর ২০১৯	৩০ জুন ২০২০
WD-১	তিন তলা বিশিষ্ট ট্রান্সমিশন ভবন এর জেনারেটর ও এসি	সংখ্যা ০১	OTM (e-GP) ও ০১ ডিসেম্বর ২০১৮	৭০.০০ লক্ষ ও ১০ এপ্রিল ২০১৮	OTM (e-GP) ও ১৯ ডিসেম্বর ২০১৮	২৫ এপ্রিল ২০১৯ ও ৬৫.৯১ লক্ষ	৩১ ডিসেম্বর ২০১৯	৩১ ডিসেম্বর ২০১৯
PS-১	সেলফ সাপোর্টিং ট্রান্সমিটিং টাওয়ারের মালামাল চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে প্রকল্প এলাকায় পরিবহন		LTM ও ১০ মার্চ ২০১৮	১৭.০০ লক্ষ ও ১০ মে ২০১৮	LTM ও ১০ এপ্রিল ২০১৮	১০ মে ২০১৮ ও ১৬.৮৭ লক্ষ	৩০ ডিসেম্বর ২০১৮	৩০ ডিসেম্বর ২০১৮
PS-২	ট্রান্সমিটারের মালামাল চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে প্রকল্প এলাকায় পরিবহন		RFQ ও ৫ এপ্রিল ২০১৯	৫.০০ লক্ষ ও ১৫ মে ২০১৯	RFQ ও ১২ এপ্রিল ২০১৯	২০ মে ২০১৯ ও ১৬.৮৭ লক্ষ	৩১ ডিসেম্বর ২০১৯	৩১ ডিসেম্বর ২০১৯

তথ্য ভবন নির্মাণ (২য় সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: সেপ্টেম্বর ২০১৯)

১. প্রকল্পের নাম : তথ্য ভবন নির্মাণ (২য় সংশোধিত)।

২. প্রকল্পের অবস্থান : ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।

৩. বাস্তবায়নকারী সংস্থা : চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।

৪. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : তথ্য মন্ত্রণালয়।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)**
মূল (প্রঃ সাঃ)	**সংশোধিত (প্রঃ সাঃ)**		**মূল**	**সংশোধিত**			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬০৭৩.৬৫	১০৪৯৩.১৮	১০৪৬৮.১৮	জুলাই/২০১৩ হতে জুন/২০১৬	জুলাই/২০১৩ হতে সেপ্টেম্বর/২০১৯	জুলাই/২০১৩ হতে সেপ্টেম্বর/২০১৯	৪৪১৯.৫৩ ৭২.৬৬%	৩ বছর ১১৬.৬৬%

৬. **অর্থায়নের উৎস:**

প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।মোট প্রাক্কলিত ব্যয় ১০৪৯৩.১৮ লক্ষ টাকার মধ্যে প্রকৃত ব্যয় হয়েছে১০৪৬৮.১৮ লক্ষ টাকা।

৭. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:**

প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী অঙ্গভিত্তিক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংগের নাম	ডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		সংখ্যা/ পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক)	রাজস্ব ব্যয় :						
১	জনবলের বেতন	০৪ জন	৯৯.০০	১০০%	৯৪.৭৮	৯৫.৭৪%	-
২	টেলিফোন/ইন্টারনেট/ওয়েবসাইট/ফ্যাক্স	থোক	৫.০০	১০০%	৪.৫৭	৯১.৪০%	-
৩	স্টেশনারী ও স্টাম্পস	থোক	২০.০০	১০০%	১৯.৯৮	৯৯.৯০%	-
৪	বিজ্ঞাপন ব্যয়	থোক	৫.০০	১০০%	২.৪২	৪৮.৪০%	-
৫	বিদেশ ভ্রমণ/স্টাডি ট্যুর	০১	৩০.০০	১০০%	৩০.০০	১০০%	-
৬	সম্মানী	থোক	১৩.০০	১০০%	১২.৫৩	৯৬.৩৮%	-
৭	পরামর্শক	থোক	১৭.০০	১০০%	১৬.৯৯	৯৯.৯৪%	-
৮	হায়ারিং চার্জ	থোক	২৫.০০	১০০%	২৪.৯৩	৯৯.৭২%	-
৯	আপ্যায়ন	থোক	৩.০০	১০০%	২.৯৭	৯৯.০০%	-
১০	বিবিধ/সাধারণ সরবরাহ ও ব্যবহার্য দ্রব্যাদি	থোক	৩৫.০০	১০০%	৩৪.৯৪	৯৯.৮৩%	-
১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ ও মেরামত	থোক	৯.০০	১০০%	৮.৯৩	৯৯.২২%	-
	(ক) উপ-মোট -রাজস্ব		২৬১.০০	১০০%	২৫৩.০৪	৯৬.৯৫%	-

(খ) মূলধন							
১২	কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার ও যন্ত্রাংশ	০৫	৮.০০	১০০%	৮.০০	১০০%	-
১৩	অফিস সরঞ্জাম	০২	১০.৫০	১০০%	১০.৫০	১০০%	-
১৪	আসবাবপত্র	থোক	৩৭৫.০০	১০০%	৩৭৩.৯৯	৯৯.৭৩%	
১৫	নির্মাণ ও পূর্ত (অনাবাসিক ভবন (অফিস বিল্ডিং, অন্যান্য ভবন নির্মাণ ও অবকাঠামো)	থোক	৭১১৩.৯০	১০০%	৭১১০.৬১	৯৯.৯৫%	-
১৬	বহি:পানি সরবরাহ, পয়:নিষ্কাশন, ডিপ টিউবওয়েল, বৃষ্টির পানি সংরক্ষণ এবং পূর্তকাজ ইত্যাদি	থোক	২২৫.৭৫	১০০%	২২৫.৪৫	৯৯.৮৬	-
১৭	ইলেক্ট্রো-মেকানিক্যাল, বহি:বিদ্যুতায়ন, ফায়ার ফাইটিং, এসি, সোলার প্যানেল/ইলেকট্রিক্যাল ইক্যুপমেন্ট/পূর্তকাজ ইত্যাদি	থোক	২৩৭৯.০৩	১০০%	২৩৬৬.৫৯	৯৯.৪৭%	-
১৮	অর্নামেন্টাল মেইন গেট, সেন্ট্রি বক্স, রিসিপশন, গাড়ি পার্কিং এরিয়া উঁচুকরণ এবং পুকুর খনন, পাড় ও ঘাটলা বাঁধাই(অফিস ভবন ও অন্যান্য অবকাঠামো)	থোক	১০০.০০	১০০%	১০০.০০	১০০%	-
১৯	গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তরের কন্টিজেন্সি	থোক	২০.০০	১০০%	২০.০০	১০০%	-
		(খ) উপ-মোট মূলধন	১০২৩২.১৮	১০০%	১০২১৫.১৪	৯৯.৮৩%	-
		সর্বমোটরাজস্ব+মূলধন (ক+খ):	১০৪৯৩.১৮	১০০%	১০৪৬৮.১৮	৯৯.৭৬%	২৫.০০ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে।

সূত্র:পিসিআর ও প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী

৮. **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৯. **সাধারণ পর্যবেক্ষণ:**

৯.১ **প্রকল্পের পটভূমি:** সরকারের উন্নয়ন ও জনকল্যাণমূলক কর্মকান্ড প্রচার এবং দেশের ভাবমুর্তি সমুজ্জল রাখার ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের অধীন তিনটি প্রতিষ্ঠান- চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর ও চলচ্চিত্র সেন্সর বোর্ড বিশেষ ভূমিকা রাখছে। কিন্তু দপ্তরগুলো বিক্ষিপ্তভাবে ভিন্ন ভিন্ন স্থানে অবস্থিত। এর মধ্যে ঐতিহ্যবাহী গণযোগাযোগ অধিদপ্তর এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নিজস্ব কোন স্থায়ী কার্যালয় ছিল না। অপরদিকে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের অধিকাংশ কর্মকান্ড জরাজীর্ণ পরিত্যক্ত ভবনে ঝুঁকি নিয়ে পরিচালিত হয়ে আসছিল। এসকল প্রতিষ্ঠানের অফিস সংকুলান এবং প্রতিষ্ঠানগুলোর মধ্যে যথাযথ সমন্বয় সাধনের লক্ষ্যে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত একটি ভবনে দপ্তর স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দেয়। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বিদ্যমান পুরাতন স্থাপনার কিছু অংশকে বিলুপ্ত করে ১৬ তলা বিশিষ্ট তথ্য ভবন নির্মাণের প্রকল্প প্রস্তাব প্রণয়ন করা হয়।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য :**

ক) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং বালাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার স্থান সংকুলান করা এবং এই তিনটি দপ্তরকে ব্যয় সাশ্রয় পন্থায় একই স্থানে নিয়ে আসা;

খ) জনসেবার জন্য অধিকতর সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা;

গ) কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সুষ্ঠু কর্ম পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে দ্রুত, কার্যকর ও মানসম্পন্ন সেবা প্রদানের মাধ্যমে সরকারকে সহায়তা করা;

ঘ) তথ্য মন্ত্রণালয়ের আওতাভুক্ত চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের মধ্যে সমন্বয় জোরদারকরণ; এবং

৬) সরকারি জমি ও যন্ত্রপাতির সর্বাধিক ব্যবহার এবং কেপিআই প্রতিষ্ঠান হিসেবে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এর নিরাপত্তা নিশ্চিত করা।

৯.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

১) ১৬ তলা বিশিষ্ট মূল ভবন, ০৩ তলা বিশিষ্ট এনেক্স ভবন নির্মাণ;
২) বহি:পানি সরবরাহ, পয়:নিষ্কাশন, ডিপ টিউবওয়েল স্থাপন, বৃষ্টির পানি সংরক্ষণ, রাস্তা ও ড্রেন নির্মাণ
৩) ই/এম, বহি:বিদ্যুতায়ন, বৈদ্যুতিক সাবস্টেশন ও জেনারেটর স্থাপন, ফায়ার ফাইটিং, এসি, সোলার প্যানেল স্থাপন;
৪) মূল ফটক, সেন্ট্রি বক্স, অভ্যর্থনা কক্ষ নির্মাণ, বিদ্যমান গাড়ি পার্কিং এরিয়া উঁচুকরণ;
৫) একটি পুকুর খনন, পুকুরের চতুর্পাশ এবং ঘাটলা বাঁধাই;
৬) অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় ইত্যাদি।

৯.৪ প্রকল্পের অনুমোদন অবস্থা:

বিবরণ	অনুমোদনের তারিখ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
মূল	২৯.১০.২০১৩	একনেক
১মসংশোধন	১০.০১.২০১৭	একনেক
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২০.০৩.২০১৮	তথ্য মন্ত্রণালয়
২য় সংশোধন	২৭.০৫.২০১৯	পরিকল্পনা কমিশন

৯.৫ প্রকল্প ১ম সংশোধনের কারণ ও যৌক্তিকতা:

মামলাজনিত কারণে প্রকল্পের জমি প্রাপ্তিতে বিলম্ব, ভবন নির্মাণের স্থান পরিবর্তন, প্রকল্পের লেআউট পরিবর্তন, প্রকল্প এলাকার বিদ্যমান অবকাঠামো অপসারণসহ কতিপয় নতুন কাজ অন্তর্ভুক্তি, গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট শিডিউলের পরিবর্তন ইত্যাদির কারণে প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময় বৃদ্ধির প্রয়োজন হয়। এমতাবস্থায়, প্রকল্পটি একনেক সভায় ১ম সংশোধিত হিসেবে অনুমোদিত হয়।

৯.৬ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা:

তথ্য ভবনের বেশ কিছু ভৌত কাজ চলমান থাকায় বিশেষ করে অত্যাধুনিক সিনেমা হল, একাধিক মাল্টিপারপাস হল, ভিআইপি পোস্ট প্রোডাকশন হলে এক্যুস্টিক কাজের জন্য মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়। কারণ, বর্ণিত হল বা কক্ষসমূহে যাবতীয় সিভিল এবং ইলেক্ট্রো-মেকানিক্যাল কাজ সম্পন্ন করে কক্ষসমূহ ভাল করে শুকিয়ে আদ্রতামুক্ত করে এক্যুস্টিক কাজ করতে হয়েছে। আর এজন্য অপেক্ষাকৃত বেশি সময় লেগেছে।

৯.৭ প্রকল্প ২য় সংশোধনের কারণ ও যৌক্তিকতা:

ভবন ব্যবহারে প্রত্যাশি তিনটি দপ্তরের চাহিদা, স্থাপত্য অধিদপ্তরের ফিনিশ শিডিউল এবং বাস্তবতার নিরীখে কতিপয় আইটেমের কাজের পরিধি বৃদ্ধি পায়। এছাড়া, নতুন কাজ অন্তর্ভুক্তি, জনবলসহ পরিচালন ব্যয় বৃদ্ধির ফলে প্রকল্পের ২য় সংশোধনের প্রয়োজন হয়।

৯.৮ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
৪.	মো: মনিরুজ্জামান	পূর্ণকালীন	-	না	০১.০৪.২০১৪	৩০.০৯.২০১৯

৯.৯ বছরভিত্তিক বরাদ্দ ও ব্যয়: সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্প ব্যয় ১০৪৯৩.১৮ লক্ষ টাকার মধ্যে প্রকৃত ব্যয় ১০৪৬৮.১৮ লক্ষ টাকার অর্থবছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়ের চিত্র নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি	সংশোধিত ডিপিপি	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
২০১৩-১৪	৪৪.০০	৪০.০০	৪০.০০	৪০.০০	৪০.০০	০০
২০১৪-১৫	২৮৬৯.৩০	১৩০.০০	১৩০.০০	১৩০.০০	১৩০.০০	০০
২০১৫-১৬	৩১৬০.৩৫	৯৪৭.০০	৯৪৭.০০	৯৪৭.০০	৯৪৭.০০	০০
২০১৬-১৭	-	১৮৯৮.৫২	২৫০০.০০	২৫০০.০০	১৮৯৮.৫২	৬০১.৪৮
২০১৭-১৮	-	২৮৮৩.১৫	২৮৮৭.০০	২৮৮৭.০০	২৮৮৩.১৫	৩.৮৫

অর্থবছর	মূল ডিপিপি	সংশোধিত ডিপিপি	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
২০১৮-১৯	-	৩৬৮৫.০০	৩৬৮৫.০০	৩৬৮৫.০০	৩৬৬০.৯২	২৪.০৮
২০১৯-২০	-	৯০৯.৫১	৯০৯.০০	৯০৯.০০	৯০৮.৫৯	০.৪১
মোট	**৬০৭৩.৬৫**	**১০৪৯৩.১৮**	**১১০৯৮.০০**	**১১০৯৮.০০**	**১০৪৬৮.১৮**	৬২৯.৮২

তথ্য সূত্র: পিসিআর ও পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী

- প্রতি অর্থবছর শেষে অব্যয়িত অর্থ প্রধান হিসাব রক্ষণ কর্মকমর্তা, তথ্য মন্ত্রণালয় বরাবর পত্রের মাধ্যমে সমর্পণ করার প্রমাণক পর্যালোচনা করে যথাযথ পাওয়া গেছে।

৯.১০ **প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন:**

ভৌত নির্মাণ, ইলেক্ট্রো-মেকানিক্যাল, এক্সটারনাল এবং ইন্টারনাল ইলেক্ট্রিফিকেশন কার্যক্রম গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পন্ন হয়। অফিস ইকুইপমেন্ট, বিভিন্ন সঙ্গামাদি, আসবাবপত্র এবং এয়ারকুলার ক্রয়, এক্যুস্টিক ও ইন্টেরিয়র কাজ, আরবরিকালচার, পুকুর খনন ইত্যাদি কাজ প্রকল্প অফিস কর্তৃক সম্পন্ন হয়। প্যাকেজভিত্তিক প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন চিত্র পরিশিষ্ট-**"ক"** দ্রষ্টব্য।

১০. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

প্রকল্প পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যের প্রেক্ষিতে অর্জিত ফলাফল নিম্নরুপ:

উদ্দেশ্য	অর্জন	মন্তব্য
ক) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং বালাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য স্থান সংকুলান করা এবং এই তিনটি দপ্তরকে ব্যয় সাশ্রয় পন্থায় একই স্থানে নিয়ে আসা।	ক) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং বালাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য স্থান সংকুলান হয়েছে এবং এই তিনটি দপ্তরকে ব্যয় সাশ্রয় পন্থায় একই স্থানে নিয়ে আসা হয়েছে।	তথ্য ভবনের রক্ষণাবেক্ষণের বিষয়ে ভবন ব্যবহারকারী তিনটি প্রতিষ্ঠান সমন্বিতভাবে উদ্যোগ গ্রহণ করতে পারে।
খ) জনসেবার জন্য অধিকতর সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা।	খ) জনসেবার জন্য সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হয়েছে।	
গ) কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সুষ্ঠু কর্ম পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে দ্রুত, কার্যকর ও মানসম্পন্ন সেবা প্রদানের মাধ্যমে সরকারেকে সহায়তা করা।	গ) কর্মকর্তা ও কর্মচারীদের জন্য সুষ্ঠু কর্ম পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে দ্রুত, কার্যকর ও মানসম্পন্ন সেবা প্রদানের মাধ্যমে সরকারেকে সহায়তা করা হচ্ছে।	
ঘ) তথ্য মন্ত্রণালয়ের আওতাভুক্ত চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর ও চলচ্চিত্র সেন্সর বোর্ডের মধ্যে সমন্বয় জোরদারকরণ।	ঘ) প্রতিষ্ঠান তিনটির মধ্যে সমন্বয় জোরদার হয়েছে।	
ঙ) সরকারি জমি ও যন্ত্রপাতির সর্বাধিক ব্যবহার এবং কেপিআই প্রতিষ্ঠান হিসেবে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এর নিরাপত্তা নিশ্চিত করা।	ঙ) তথ্য ভবন নির্মাণের মাধ্যমে সরকারি অব্যবহৃত জমি সর্বাধিক ব্যবহার এবং কেপিআই প্রতিষ্ঠান হিসেবে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এর নিরাপত্তা নিশ্চিত হয়েছে।	

১১. পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র



চিত্র--১: তথ্য ভবন



চিত্র-২: কমন কনফারেন্স হল



চিত্র-৩: বিএফসিবি সিনেমা হল



চিত্র-৪: মাল্টিপারপাস হল

১২. গত ১২-১২-২০২০ তারিখ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সচিব এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। এছাড়া, ২৬-১২-২০২০ তারিখ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক, প্রকল্প পরিচালক এবং গণপূর্তের সংশ্লিষ্ট প্রকৌশলীগণের সাথে বৈঠক করা হয়। বৈঠকে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত দালিলিক প্রমাণাদি পর্যালোচনা করা হয়। সরেজমিন পরিদর্শন ও দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় প্রাপ্ত তথ্য ও পর্যবেক্ষণ নিম্নরূপ:

১২.১ গণপূর্ত অধিদপ্তর কর্তৃকসম্পাদিত কার্যক্রম:

প্রকল্পের ভৌত, ইলেক্ট্রো-মেকানিক্যাল ও বিদ্যুতায়ন কার্যক্রম গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পাদিত হয়েছে। ভৌত কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হলো-বেইজমেন্ট/কার পার্কিংসহ ১৬তলা ভবন ও ০৩তলা বিশিষ্ট এনেক্স ভবন, সাবস্টেশন ভবন, বৈদ্যুতিক আরএমইউ ভবন, সিকিউরিটি রুম, ওয়েটিং রুম, গার্ড শেড, বাউন্ডারি ওয়াল, গেট, অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন, আরসিসি ওভারহেড ট্যাংক, আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার, অটোমোবাইল ওয়ার্কশপ, জেনারেটর ওয়ার্কশপ, ইলেকট্রনিক ওয়ার্কশপ, রেইন ওয়াটার হার্ভেস্টিং সিস্টেম, পিভিসি ওভারহেড ট্যাংক, বৈদ্যুতিক সাবস্টেশন স্থাপন, ডিপ টিউবওয়েল স্থাপন, পয়:নিষ্কাশন ব্যবস্থা, ওয়াসা লাইন, স্যানিটারি কাজ, দরজা, জানালা, জানালার গ্রিল, স্টিল ট্রাস, টাইলস স্থাপন, করিডোর ও করিডোর গ্রিল স্থাপন ইত্যাদি। ইলেক্ট্রো-মেকানিক্যাল ও বিদ্যুতায়ন কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হলো ০২টি ৮০০ কেভিএ সাবস্টেশন ইক্যুপমেন্ট সংগ্রহ ও স্থাপন, ০২টি ২৫০ কেভিএ জেনারেটর সংগ্রহ ও স্থাপন, ফায়ার ডিটেকশন ও প্রটেকশন সিস্টেম স্থাপন, ০৩টি ১৬০০ কেজি প্যাসেঞ্জার লিফট সংগ্রহ ও স্থাপন, ডিপিডিসি এক্সপ্রেস লাইন স্থাপন, এইচপি স্যুয়ারেজ সাম্প ওয়াটার পাম্প মটর, এইচপি মাল্টি স্টেজ সাবমার্জিবল ওয়াটার পাম্প মটর, স্পেশাল টাইপ লাইটেনিং প্রটেকশন সিস্টেম, সিকিউরিটি এন্ড কম্পাউন্ড লাইট, কন্ট্রোল বাসবার, অটোমেটিক ডিহিউমিডি ফায়ার, ফোর্সড ভেন্টিলেশন সিস্টেম, এইচপি সেন্ট্রিফিউগাল পাম্প, এইচপি জেট পাম্পস্থাপন ইত্যাদি। উল্লিখিত ভৌত, ইলেক্ট্রো-মেকানিক্যাল ও বিদ্যুতায়ন কার্যক্রমগুলো সরেজমিন পরিদর্শন করা হয়েছে এবং ডিপিপি অনুযায়ী সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

১২.২ **প্রকল্প কর্তৃপক্ষ/প্রকল্প পরিচালক কর্তৃক সম্পাদিত কার্যক্রম:**

মেটাল ডিটেকটর, ভেহিকল মিরর স্ক্যানার, আর্চওয়ে, সিকিউরিটি ব্যাগেজ স্কানার, অফিস ইকুইপমেন্ট ও সরঞ্জাম, সকল প্রকার আসবাবপত্র, সকল প্রকার এয়ারকুলার ক্রয় ও স্থাপন কার্য প্রকল্প পরিচালক কর্তৃক সম্পন্ন হয়েছে। এছাড়া, সকল এক্যুস্টিক কাজ, ইন্টেরিয়র কাজ, সিসিটিভি সিস্টেম, ইন্টারকম, টেলিফোন, সোলার প্যানেল স্থাপন, পিএ সাউন্ড সিস্টেম, আরবরি কালচার, পুকুর খনন, লোকাল এরিয়া নেটওয়ার্ক-ল্যান ইত্যাদি কার্যক্রমগুলোও প্রকল্প পরিচালক কর্তৃক সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে উল্লিখিত মালামাল ও কার্যক্রমগুলো প্রত্যক্ষ করা হয়েছে এবং ডিপিপি অনুযায়ী যথাযথ প্রতীয়মান হয়েছে।

১২.৩ **হস্তান্তর কমিটি ও গ্রহণ কমিটির প্রতিবেদন পর্যালোচনা:**

প্রকল্পের আওতায় নির্মিত সকল অবকাঠামো ও সংগৃহীত সকল মালামাল হস্তান্তর কমিটি এবং গ্রহণ কমিটি কর্তৃক হস্তান্তর ও গ্রহণ কার্য সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের উপসহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী (ই/এম) ও উপবিভাগীয় প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ) হস্তান্তর কমিটির এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সচিব, গণযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন ও অর্থ), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক গ্রহণ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। উল্লিখিত কমিটিদ্বয় প্রদত্ত প্রতিবেদনে যথাক্রমে গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), নির্বাহী প্রকৌশলী(ই/এম), প্রকল্প পরিচালক হস্তান্তর কমিটির পক্ষে এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন), বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যান, গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক প্রতিস্বাক্ষর করেছেন। কমিটি প্রদত্ত প্রতিবেদন পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় প্রতিবেদনে কোন নেতিবাচক মন্তব্য পাওয়া যায়নি।

১২.৪ **প্রত্যাশি সংস্থার মতামত গ্রহণ:**

পরিদর্শনকালে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সচিবের সাথে বৈঠক করা হয়েছে। ডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে বলে তাঁরা উল্লেখ করেছেন। প্রত্যাশি সংস্থার চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদার ও গণপূর্তের সহযোগিতায় প্রকল্পের বাহিরেও কিছু অতিরিক্ত কাজ করে নেয়া হয়েছে বলে তাঁরা উল্লেখ করেন।

১২.৫ **তথ্য ভবন ব্যবহার:**

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড-এর অফিস নবনির্মিত তথ্য ভবনে স্থানান্তরিত হয়েছে। জুন ২০১৯ থেকে উল্লিখিত প্রত্যাশী দপ্তরগুলো তাদের দাপ্তরিক কাজ এখান থেকে সম্পাদন করছে। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ভবনের গ্রাউন্ড ফ্লোর (৪৫%), ২-৮তলা, ১৩তলা ও ১৬ তলা (৬০%) ব্যবহার করছে। গণযোগাযোগ অধিদপ্তর গ্রাউন্ড ফ্লোর (৫৫%) ও ৯-১২তলা এবং বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড ভবনের ১৪-১৫ তলা ও ১৬ (৪০%) ব্যবহার করছে।

১২.৬ স্টক এন্ট্রি ও টিওএন্ডই ভুক্তকরণ:

প্রকল্পের আওতায় সংগৃহীত সকল মালামালের স্টক এন্ট্রি সম্পন্ন হয়েছে। মালামালসমূহ টিওএন্ডই-ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে তালিকা প্রেরণ করা হয়েছে।

১২.৭ অবকাঠামোসমূহ গণপূর্তের তালিকাভুক্তকরণ:

প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহ এখনো গণপূর্তের তালিকাভুক্ত করা হয়নি। রক্ষণাবেক্ষণের সুবিধার্থে অবকাঠামোসমূহ গণপূর্তের তালিকাভুক্ত করা প্রয়োজন।

১২.৮ **অডিট আপত্তি:**

(ক) ২০১৩-২০১৬ অর্থ বছরে ০৪টি আপত্তি উত্থাপিত হয়, যাতে জড়িত অর্থের পরিমাণ ৮৩,৫৬০/- (তিরাশি হাজার পাঁচশত ষাট) টাকা। প্রমাণক পর্যালোচনা করে দেখা গেছে যে, সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক গত ২২-০১-২০১৮ তারিখে আপত্তিগুলো নিষ্পত্তি হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে ০৬টি আপত্তি উত্থাপিত হয়, যাতে অর্থের পরিমাণ ৫৪,৫০,০৭,০১৬/-

(চুয়ান্ন কোটি পঞ্চাশ লক্ষ সাত হাজার ষোল) টাকা। এই আপত্তিগুলোও নিষ্পত্তি হয়েছে। অডিট আপত্তির নিষ্পত্তি সংক্রান্ত প্রমাণক পরিশিষ্ট-**গ** দ্রষ্টব্য।

(খ) এছাড়া, ২০১৮-২০১৯ অর্থবছরে ০৩টি আপত্তি উত্থাপিত হয়। উত্থাপিত অডিট আপত্তি, জড়িত অর্থ ও নিষ্পত্তির জন্য গৃহীত কার্যক্রম নিম্নে ছকে বর্ণনা করা হলো:

অর্থবছর ও	আপত্তির বিষয়	নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা
২০১৮-২০১৯	(১) নির্মাণ ও পূর্ত কাজের বিল হতে ভ্যাট কম কর্তন করায় ভ্যাট বাবদ ১০,২৮৯/-টাকা অনাদায়ী।	উল্লিখিত অর্থ খুব শীঘ্রই সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক পরিশোধ করা হবে এবং পরিশোধের প্রমাণকসহ ব্রডশিট জবাব দেয়া হবে বলে প্রকল্প পরিচালক কর্তৃক জানানো হয়েছে।
	(২) ঠিকাদারের বিল হতে আয়কর কম কর্তন করায় সরকারের ৭৫,১৩৩/-টাকা রাজস্ব ক্ষতি।	উল্লিখিত অর্থ খুব শীঘ্রই সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক পরিশোধ করা হবে এবং পরিশোধের প্রমাণকসহ ব্রডশিট জবাব দেয়া হবে।
	(৩)আসবাবপত্রের বিল হতে ভ্যাট কম কর্তন করায় ২,৫৮,২১৮/-টাকা রাজস্ব ক্ষতি।	উল্লিখিত অর্থ খুব শীঘ্রই সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক পরিশোধ করা হবে এবং পরিশোধের প্রমাণকসহ ব্রডশিট জবাব দেয়া হবে।

১৩. ত্রুটি বিচ্যুতি:

১৩.১ বেজমেন্টের লিফট কোরের দেয়ালের কিছু অংশে রং নষ্ট হয়ে গেছে। এছাড়া, বেজমেন্টের কয়েকটি টাইলস ভাংগা পরিলক্ষিত হয়। পুনরায় দেয়ালে রং করতে হবে এবং ভাংগা টাইলস অপসারণ করে নতুন টাইলস লাগাতে হবে।

১৩.২ ভবনের ১৬তলার দক্ষিণ পাশের বাথরুমের বেসিন ও কমোডগুলোতে ময়লা জমে ব্যবহারের অনুপযোগি হয়ে পড়েছে। বেসিন ও কমোডগুলো পরিস্কার পরিচ্ছন্ন করে ব্যবহার উপযোগি করতে হবে।

১৬.৩ এট্রিয়াম-এর ওপরে প্রচুর ধুলাবালি ও ময়লা পরিলক্ষিত হয়েছে। এটি পরিস্কার পরিচ্ছন্ন রাখা জরুরি।

১৪. সুপারিশ/দিকনির্দেশনা:

১৪.১ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের জন্য ২০১৮-২০১৯ অর্থবছরে আয়কর ও ভ্যাট কম কর্তন সংক্রান্ত ০৩টি আপত্তি রয়েছে। এতে জড়িত অর্থের পরিমাণ ৩,৪৩,৬৪০/-(তিন লক্ষ তেতাল্লিশ হাজার ছয়শত চল্লিশ) টাকা। উল্লিখিত অর্থ সরকারি কোষাগারে জমাদানপূর্বক ব্রডশিট জবাবের মাধ্যমে আপত্তিগুলো নিষ্পত্তি নিশ্চিত করতে হবে;

১৪.২ প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোসমূহ রক্ষণাবেক্ষণের সুবিধার্থে গণপূর্তের তালিকাভুক্ত করতে হবে;

১৪.৩ প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালসমূহ টিওএন্ডই-ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা/ মন্ত্রণালয় কার্যকরি ব্যবস্থা গ্রহণ করবে;

১৪.৪ অনুচ্ছেদ ১৩এ বর্ণিত ত্রুটি-বিচ্যুতিগুলো সমাধানের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর/প্রকল্প কর্তৃপক্ষ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

১৪.৫ প্রতিবেদনের সুপারিশের ওপর সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ০১(এক) মাসের মধ্যে আইএমইডি'তে প্রতিবেদন প্রেরণ করবে।

পরিশিষ্ট ক

প্রকল্পের ক্রয় পরিকল্পনা

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	বিবরণ	একক / সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে				বাস্তবায়ন বিলম্ব হলে তার কারণ
			দরপত্র আহবানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহবানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		
							চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
পণ্যক্রয়:									
জিডি-১	ফটোকপিয়ার	১	RFQ এপ্রিল ১৪	২.৬১ জুন২০১৪	RFQ ১৫.৪.১৪	২.৫.১৪ ২.৬০	১২.৫.১৪	১২.৫.১৪	
জিডি-২	কম্পিউটার	২	RFQ মে ১৪	২.৫০ জুন২০১৪	RFQ ১৫.৪.১৪	২.৫.১৪ ২.৫০	১২.৫.১৪	১২.৫.১৪	
জিডি ৩	গাড়ি ভাড়া	১	০১.১.১৭	২৫.০০ ১০.২.১৭	১১.১.১৭	৩১.১.১৭ ১০.০০	৩০.৬.১৭	৩০.৬.১৭	
জিডি ৪	অফিস সরঞ্জাম	২	RFQ ১৫.১.১৭	৭.৮৯ ২৫.১.১৭	RFQ ২.২.১৭	২৫.২.১৭ ৭.৫০	১৫.৩.১৭	১৫.৩.১৭	
জিডি-৫	কম্পিউটার	৩	RFQ ১.১.১৭	৫.৫০ ৩১.১.১৭	RFQ ৫.২.১৭	২৫.২.১৭ ৪.৯৮	১৫.৩.১৭	১৫.৩.১৭	
জিডি ৬	পিএ এবং সাউন্ড সিস্টেম	থোক	LTM অক্টো ১৭	২০.০০ অক্টো১৭	LTM ৩০.১১.১৭	২২.৩.১৮ ১৯.৫০	২২.৮.১৮	আগস্ট ১৮	
জিডি ৭	মেটাল ডিডেকটর ও আর্চওয়ে	২	LTM জানু ১৮	১১.০০ জানু১৮	LTM ২৩.০৫.১৮	২৬.৬.১৮ ১০.৮০	অক্টোবর ১৮	অক্টো ১৮	
কার্য									
ডব্লিউডি ১	মাটি পরীক্ষা	থোক	LTM ফেব্রু ১৪	৮.৩৮ ১০.৯.১৪	LTM এপ্রিল১৪	মে ১৪ ৮.৩৫	সেপ্টে ১৪	সেপ্টে ১৪	
ডব্লিউডি ২	বিদ্যমান স্থাপনা অপসারণ ও পূর্ত	থোক	OTM/ LTM ফেব্রু ১৫	৯৫.৯৭ ২৯.৪.১৫	OTM জুলাই১৫	সেপ্টে ১৫ ৯৫.৯৭	মার্চ ১৬	মার্চ ১৬	
ডব্লিউডি ৩	উদ্বোধন ব্যয়	থোক	RFQ জুলাই ১৫	১০.৪৭ ৫.৮.১৫	RFQ আগস্ট১৫	আগস্ট ১৫ ১০.৪৭	আগস্ট ১৫	আগস্ট ১৫	
ডব্লিউডি ৪	বিদ্যমান সাবস্টেশন অপসারণ ও পুন:স্থাপন	থোক	OTM/ LTM এপ্রিল ১৫	১০০.০০ ১৮.৬.১৫	OTMজুলাই১৫	সেপ্টে ১৫ ৯৯.৫৬	মার্চ ১৬	মার্চ ১৬	
কার্য (পূর্ত ও ভৌত)		-	-	-	-	-	-	-	-
পূর্ত-১	তথ্য ভবন নির্মাণ ০৯ তলা পর্যন্ত	থোক	OTM ফেব্রুয়ারি ১৫	৩৬৪৭.৪৭ ১৫.০৯.১৫	OTM০৪.০২.১৫	১৫.১০.১৫ ৩৬৪৭.৪৭	জুন ১৮	ডিসেম্বর ১৮	
পূর্ত ২	তথ্য ভবন নির্মাণের ৯-১৬ তলা কাজ	থোক	OTM মার্চ ১৭	১৯৬১.৬৯ জুন১৭	OTM০২.০৭.১৭	১৭.১০.১৭ ১৯৬১.৫১	ডিসেম্বর ১৮	জুন ১৯	
পূর্ত ৩	এট্রিয়াম নির্মাণ	থোক	OTM/LTM ডিসে: ১৬	২৯৪.১২ ফেব্রুয়ারি১৭	OTM ০৩.০৭.১৮	০৩.০৮.১৮ ২৯৪.১২	৩০.৯.১৮	১৫.১০.১৮	
পূর্ত ৪	মেইন গেট রিসিপশন, সেন্ট্রি বক্স, বিদ্যমান কার পাকিং উচুকরণ ইত্যাদি	থোক	OTM/LTM ডিসে: ১৭	৭৪.০৫ ফেব্রুয়ারি১৮	OTM ০৩.০৭.১৮	০৩.০৮.১৮ ৭৩.১৩	মে ১৯	আগস্ট ১৯	
পূর্ত ৫	আন্ডারগ্রাউন্ড পানির রিজার্ভার	থোক	OTM/LTM	৫৩.৪০ জানু১৮	OTM ১০.০৭.১৭	২০.৮.১৭ ৫২.৮২	১০.৬.১৮	১০.৬.১৮	

			নভেম্বর ১৭						
পূর্ত ৬	পুকুর খনন পাড় ও ঘাটলা বাধাই	থোক	OTM নভ ১৭	৫০.০০ জানু১৮	OTM ৫.১০.১৭	২১.১১.১৭ ৪৯.৬৩	২১.৪.১৮	১০.৭.১৮	
পূর্ত ৭	গভীর নলকুপ স্থাপন	থোক	OTM ডিসে ১৭	৮৫.০০ ফেব্রু১৮	OTM ২.১১.১৭	২০.১২.১৭ ৮৩.৮০	২৭.৬.১৮	সেপ্টে ১৮	
পূর্ত ৮	আরবরিকালচার	থোক	RFQ মে ২০১৯	১৫.০০ মে১৯	RFQ ১১.৬.১৯	২৩.৬.১৯ ১০.০০	১৫.০৬.১৯	১৫.০৬.১৯	
পূর্ত ৯	স্পেশাল এক্যুস্টিক কাজ	থোক	LTM এপ্রিল ১৭	১২০.০০ মে১৭	LTM ১৩.০২.১৮	২৪.৪.১৮ ১১৫.০৯	৩০.১১.১৮	মার্চ ১৯	
পূর্ত ১০	লট-১ সেন্সর বোর্ডের সিনেমা হলের একুস্টিক কাজ	থোক	LTM ফেব্রু ১৮	৮০.০০ মার্চ১৮	LTM ০১.০১.১৮	২৩.৪.১৮ ৭৮.১০	৩০.১১.১৮	মার্চ ১৯	
	লট-২,সিনেমা হলের ধাপ ও গ্যালরি নির্মাণ	থোক	LTM নভ ১৮	৪২.০০ ডিসেম্বর১৮	LTM ০১.১১.১৮	১০.১২.১৮ ৪১.৫০	৯.৬.১৯	৩০.৬.১৯	
পূর্ত ১১	লট ১- মাল্টি পারপাস রুম, কমন সিনেমা হল, ভিআপি পোস্ট প্রোডাকশন হলের একুস্টিক কাজ	থোক	LTM আগ ১৭	১০২.০০ অক্টো১৭	LTM ৩০.১১.১৭	২৫.৩.১৮ ১০১.৪১	৩০.১১.১৮	মার্চ ১৯	
	লট ২ এক্যুস্টিক কার্পেট	থোক	LTM মে ১৯	২৮.০০ জুন১৯	LTM ২০.৬.১৯	২৩.৭.১৯ ২৭.৫২	৩১.৭.১৯		
পূর্ত ১২	কমন কনফারেন্স হলে ইন্টেরিয়র	থোক	OTM মার্চ ১৭	২৬.০০ মে১৭	OTM ৫.১০.১৭	২১.১১.১৭ ২৩.৩৭	২২.৫.১৮	জুন ১৮	
পূর্ত ১৩	ডিএফপি এবং ডিএমসি'র ডিজির অফিস এবং কনফারেন্স কক্ষে ইন্টেরিয়র	থোক	OTM এপ্রিল ১৭	৪১.০০ জুন১৭	OTM ৫.১০.১৭	২১.১১.১৭ ৩৬.৮৬	২২.৫.১৮	জুন ১৮	
পূর্ত ১৪	লট ১ বিএফসিবি চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের অফিস ও কনফারেন্স কক্ষে ইন্টেরিয়র	থোক	LTM মার্চ ১৮	৪০.০০ এপ্রিল১৮	LTM ০১.০১.১৮	২৪.৪.১৮ ৩৯.৯৩	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ১৪	লট ২- ডিসপ্লে গ্যালারি, মিউজিয়ামে এবং লাইব্রেরিতে ইন্টেরিয়র	থোক	LTM মে ১৯	৪৮.০২ জুন১৯	LTM ২০.৬.১৯	২৩.৭.১৯ ৪৭.৫২	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ১৫	২৫০ কেভিএ জেনারেটর স্থাপন	থোক	OTM জানু: ১৭	১৮২.০০ মার্চ১৭	OTM ১২.১১.১৭	১৭.৪.১৮ ১৮২.০০	১৪.১০.১৮	১০.১০.১৮	
পূর্ত ১৬	৮০০ কেভিএ ২টি ট্রান্সফরমার এবং সাবস্টেশন ইক্যুপমেন্ট স্থাপন	থোক	OTM/LTM ফেব্রু ১৭	১৫২.০০ জুলাই১৭	OTM ১৩.১২.১৭	১৩.৩.১৮ ১৫২.০০	১৪.১০.১৮	১৪.১০.১৮	
পূর্ত ১৭	লট ১ এলটি ফিডার ক্যাবল স্থাপন	থোক	OTM/LTM মার্চ ১৭	৮০.০০	OTM ০২.৫.১৮	২০.৬.১৮ ৮০.০০	২০.১০.১৮	২০.১০.১৮	
পূর্ত ১৭	লট ২ ডিপিডিসি বৈদ্যুতিক সংযোগ সংক্রান্ত কাজ	থোক	OTM/LTM মে ১৯	৯০.০০ জুন১৯	OTM ১৭.৭.১৯	১৭.৭.১৯ ৯০.০০	১৬.৮.১৯	১০.৮.১৯	
পূর্ত ১৮	সাবমার্জিবল পাম্প	থোক	OTM/L	৫৯.০০	OTM	৩০.৬.১৮	৩১.১০.১৮	৩১.১০.১৮	

	স্থাপন		TM জানু ১৮	মার্চ১৮	৬.৫.১৮	৫৮.২			
পূর্ত ১৯	স্পেশাল লাইট স্থাপন, এলসি আরথিং সিকিউরিটি লাইটস্থাপন ইত্যাদি	থোক	OTM/LTM ডিসে: ১৭	৯০.০০ ফেব্রু: ১৮	OTM ২০.০৩.১৮	২৭.৬.১৮ ৮৯.৬৩	২৬.১২.১৮	২০.১২.১৮	
পূর্ত ২০	০৩টি লিফট স্থাপন	থোক	OTM(NCT) নভেম্বর ১৭	৩৫১.০০ জানু১৮	OTM ৫.১১.১৭	০৬.৩.১৮ ৩৪৫.০০	০৫.০৯.১৮	১০.০৯.১৮	
পূর্ত ২১	ডিহিউমিডি ফায়ার স্থাপন	থোক	OTM/LTM জানু ১৮	৩৫.০০ মার্চ১৮	OTM ২৩.৪.১৮	২৪.৬.১৮ ৩৫.০০	১৪.১০.১৮	৩১.১০.১৮	
পূর্ত ২২	ফায়ার ফাইটিং প্রটেকশন ও ডিটেকশন	থোক	OTM(NCT) অক্টোবর ১৭	২৫৩.০০ ডিসে১৭	OTM ১৫.১১.১৭	২৭.২.১৮ ২৫৩.০০	১৪.১০.১৮	৩১.১০.১৮	
পূর্ত ২৩	ফোর্সড ভেন্টিলেশন	থোক	OTM/LTM সেপ্টে ১৭	৬০.০০ নভে১৭	OTM ৫.১২.১৭	১৫.৪.১৮ ৫৮.৭০	১৪.১০.১৮	৩১.১০.১৮	
পূর্ত ২৪	আর্কিটেকচারাল ড্রয়িং, টেন্ডার ডকুমেন্ট কার্টিজ ইত্যাদি কাজ	থোক	LTM/RFQ/DPM জানু ১৭	৩৮.৫০ সেপ্টে১৯	LTM১৫.৪.১৮	১৫.৪.১৮ ৩৮.৫০	১৪.১০.১৮	৩০.১.০১৯	
পূর্ত ২৫	মাল্টি পারপাজ হলের এসি স্থাপন	থোক	LTM সেপ্টে ১৭	৫৬.৭৮ নভে১৭	LTM ৩০.১১.১৭	২৭.৩.১৮ ৫৬.৪০	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ২৬	০৫টি কনফারেন্স হলের এসি স্থাপন	থোক	LTM অক্টো ১৭	৫০.৩৪ ডিসে১৭	LTM ০১.০১.১৮	২৩.৪.১৮ ৫০.২৯	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ২৭	লট ১ তিনটি দপ্তরের এনটাইটেলট কর্মকর্তাদের কক্ষে এবং সিনেমা হল প্রোস্ট প্রোডকাশন হল ভিিইপি ডরমিটরিতে এসি স্থাপন	থোক	LTM আগস্ট ১৭	৭৭.৪৮ অক্টো১৭	LTM ০৬.০৩.১৮	৩০.৫.১৮ ৭৭.৩৪	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ২৭	লট ২- ডিসপ্লে গ্যালারি মিউজিয়াম লাইব্রেরি রিহার্সেল হল ইত্যাদিতে এসি স্থাপন	থোক	LTM মে ২০১৯	৮৯.৫০ জুন১৯	LTM ২০.৬.১৯	২৩.৭.১৯ ৮৮.৯৮	৩১.৮.১৯		
পূর্ত ২৮	কনফারেন্স হলের কনফারেন্স সিস্টেম	থোক	LTM আগস্ট ১৭	৬০.০০ অক্টো১৭	LTM ৩০.১১.১৭	২২.৩.১৮ ৫৯.৫৯	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ২৯	লোকাল এরিয়া নেটওয়ার্কিং	থোক	LTM আগস্ট ১৭	৭০.০০ সেপ্টে১৭	LTM ২৫.০৩.১৮	৩১.৫.১৮ ৬৯.৯৭	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩০	সোলার প্যানেল স্থাপন	থোক	LTM আগস্ট ১৭	৫৬.০০ অক্টে১৭	LTM ০৬.০৩.১৮	৩০.৫.১৮ ৫৫.৬৮	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩১	স্টেজ লাইটিং মাল্টি পারপাজ হলের	থোক	LTM অক্টো ১৭	৬৩.২৮ ডিসে১৭	LTM ৩০.১১.১৭	২৭.৩.১৮ ৬২.৯৮	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩২	সিসিটিভি সিস্টেম	থোক	LTM ডিসে ১৭	৪৯.০০ ডিসে১৭	LTM ২৫.০৩.১৮	৩১.৫.১৮ ৪৮.৯২	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩৩	ইন্টারকম সিস্টেম	থোক	LTM আগস্ট ১৭	৪০.০০ অক্টো১৭	LTM ০১.০১.১৮	২৪.৪.১৮ ৩৯.৮৭	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩৪	ডিএমসি এবং ডিএফপি'র অফিস ফার্নিচার স্থাপন	থোক	OTM জুলাই ১৭	৭৫.০০ সেপ্টে১৭	OTM২.১১.১৭	২০.১২.১৭ ৭৪.৯১	২৩.১০.১৮	১৫.১.১৯	

পূর্ত ৩৫	বিএফসিবি'র ফার্নিচার স্থাপন	থোক	LTM জানু ১৮	৪০.০০ মার্চ১৮	সীমিত ১৩.০২.১৮	২৪.৪.১৮ ৩৯.৪৯	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩৬	প্রকল্প অফিসের আসবাবপত্র স্থাপন	থোক	RFQ ডিসে ১৭	৫.০০ জানু১৮	RFQ ২৩.৫.১৪	২৪.৪.১৮ ৪.৯৮	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩৭	কনফারেন্স ক্যান্টিন কমন সিনেমা হল ইত্যাদির আসবাবপত্র স্থাপন	থোক	OTM অক্টো ১৭	৮০.০০ ডিসে১৭	OTM২.১ ১.১৭	২৪.৪.১৮ ৭৯.৮০	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩৮	মাল্টি পারপাজ হলের ফার্নিচার স্থাপন	থোক	LTM আগস্ট ১৭	৮০.০০ অক্টো১৭	LTM ৩০.১১.১৭	২৫.৩.১৮ ৭৯.৮৭	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৩৯	বিএফসিবি সিনেমা হল, ডরমিটরি ইত্যাদির ফার্নিচার স্থাপন	থোক	LTM ফেব্রু ১৮	৪৫.০০ এপ্রিল১৮	LTM ০৬.০৩.১৮	৩০.৫.১৮ ৪৪.৯৪	২৩.১০.১৮	১৫.১.১৯	
পূর্ত ৪০	অবশিষ্ট সুপারস্ট্রাকচার কাজ	থোক	OTM মে ১৯	৩৫০.০০ জুন১৯	OTM ১০.৬.১৯	২৬.৬.১৯ ৩৫০.০০	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ৪১	অবশিষ্ট সিভিল ও পূর্ত কাজ	থোক	LTM/RFQ মে ১৯	৩৫.০০ জুন১৯	RFQ	৩৫.০০ জুন ১৯	সেপ্টে ১৯	সেপ্টে ১৯	
পূর্ত ৪২	বাউন্ডারি ওয়াল মেরামত ও সিকিউরিটি ফেন্স স্থাপন কাজ	থোক	LTM মে ১৯	১৮.৯৭ জুন১৯	LTM ২০.৬.১৯	২৩.৭.১৯ ১৮.৫০	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ৪৩	রাস্তা ও ড্রেন নির্মাণ কাজ	থোক	LTM মে ১৯	৩৫.২৫ জুন১৯	LTM ২৯.০৫.১৯	১৭.৬.১৯ ৩৪.৭২	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ৪৪	অবশিষ্ট ইলেক্টো-মেকানিক্যাল কাজ	থোক	LTM মে ১৯	৩২.৯০ জুন১৯	LTM ২৯.০৫.১৯	১৭.৬.১৯ ৩২.৯০	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ৪৫	অবশিষ্ট এলইডি/স্পেশাল লাইট এলটি ফিডার ক্যাবল স্থাপন কাজ	থোক	OTM মে ১৯	১২০.০০ জুন১৯	OTM ৭.৬.১৯	২৬.৬.১৯ ১২০.০০০	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ৪৬	সিকিউরিটি ব্যাগ স্কানার ল্যাডার ইত্যাদি স্থাপন কাজ	থোক	LTM মে ১৯	৩৯.২৫ জুন১৯	LTM ২৯.০৫.১৯	১৭.৬.১৯ ৩৮.৮০	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ৪৭	লাইব্রেরি, ডে-কেয়ার সেন্টার, ফ্রন্ট ডেস্ক, লবি ও লাউঞ্জের ফার্নিচার স্থাপন	থোক	LTM মে ১৯	৫০.০০ জুন১৯	LTM ২০.০৬.১৯	২৩.৭.১৯ ৪৯.৯৭	৩১.৮.১৯	৩১.৮.১৯	
পূর্ত ৪৮	পেভমেন্ট টাইলস স্থাপন	থোক	LTM মে ১৯	৯৯.৮৬ জুন১৯	LTM ২৯.০৫.১৯	১৭.৬.১৯ ৯৮.৮০	৩১.৮.১৯	৩১.৮.১৯	

এসডি-১	(ক) মাল্টি পারপাস হল, সিনেমা হল, পোস্ট প্রোডাকশন হল, প্রজেকশন হলের এক্যুস্টিক কাজ এবং ইন্টেরিয়র ডিজাইন বিষয়ে পরামর্শ সেবা (খ) সোলার এনার্জি, এয়ারকুলার এবং অন্যান্য সিভিল ও ইলেক্ট্রো-মেকানিক্যাল কাজের বিষয়ে পরামর্শ সেবা (গ) LAN, পিএ, সাউন্ড, কনফারেন্স সিস্টেম, স্টেজ, লাইটিং, সিসিটিভি, পিএবিএক্স এবং প্রয়োজনীয় সিভিল ও ইলেক্ট্রো-মেকানিক্যিাল কাজের জন্য পরামর্শ সেবা	০৩	জানু: ১৭	১৫.০০ মার্চ ১৭	কোটেশন মার্চ ১৭	এপ্রিল ১৭ ১৪.৫০	জুন ১৮	জুন ১৯	
